# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৯৬১

২০/ ইত্‌ক (মুক্তি) (كتاب العتق)

পরিচ্ছেদঃ ২০/২. ওয়ালার মালিক হবে আযাদকারী।

إنما الولاء لمن أعتق

আরবী

حديث عَائِشَةَ، زَوْجِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ، قَالَتْ: كَانَ فِي بَرِيرَةَ ثَلاَثُ سُنَنٍ: إِحْدَى السُّنَنِ أَنَّهَا أُعْتِقَتْ فَخُيِّرَتْ فِي زَوْجِهَا، وَقَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ: الْوَلاَءُ لِمَنْ أَعْتَقَ وَدَخَلَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ وَالْبُرْمَةُ تَفُورُ بِلَحْمٍ، فَقُرِّبَ إِلَيْهِ خُبْزٌ وَأُدْمٌ مِنْ أُدمِ الْبَيْتِ؛ فَقَالَ: أَلَمْ أَرَ الْبُرْمَةَ فِيهَا لَحْمٌ قَالُوا: بَلَى، وَلكِنْ ذَلِكَ لَحْمٌ تُصُدِّقَ بِهِ عَلَى بَرِيرَةَ، وَأَنْتَ لاَ تَأْكُلُ الصَّدَقَةَ؛ قَالَ: عَلَيْهَا صَدَقَةٌ وَلَنَا هَدِيَّةٌ

বাংলা

৯৬১. নবী সহধর্মিণী ’আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বারীরার মাধ্যমে (শারী’আতের) তিনটি বিধান জানা গেছে। এক. তাকে আযাদ করা হলো, এরপর তাকে তার স্বামীর সাথে থাকা বা না থাকার ইখতিয়ার দেয়া হলো। দুই. আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আযাদকারী আযাদকৃত গোলামের পরিত্যক্ত সম্পত্তির মালিক হবে। তিন. আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরে প্রবেশ করলেন, দেখতে পেলেন ডেগে মাংস উথলে উঠছে। তাঁর কাছে রুটি ও ঘরের অন্য তরকারী উপস্থিত করা হলো। তখন তিনি বললেনঃ মাংসের পাত্র দেখছি না যে যার ভিতর মাংস ছিল? লোকেরা জবাব দিল, হ্যাঁ, কিন্তু সে মাংস বারীরাকে সাদাকা হিসাবে দেয়া হয়েছে। আর আপনি তো সাদাকা খান না। তিনি বললেনঃ তার জন্য সাদাকা, আর আমাদের জন্য এটা হাদিয়া।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৮ : ত্বালাক (বিবাহ বিচ্ছেদ), অধ্যায় ১৪, হাঃ ৫২৭৯; মুসলিম, পর্ব ২০: ইতক (মুক্তি), অধ্যায় ২, হাঃ ১৫০৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=84189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন